গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

# বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১০ এপ্রিল'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ
১। গত মার্চ'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় মার্চ'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা স্বাস্থ্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান বোরো মৌসুমের সার্বিক পরিস্থিতি ভালো। অতিরিক্ত তাপের প্রভাবে যেন ফসল নষ্ট না হয় সে বিষয়ে সর্তক হওয়ার জন্য আহবান জানান। ক্লাস্টার আকারে ফল চাষের কার্যক্রম চলমান আছে। বোরো ফসলের ক্লাস্টেও প্রকোপ করামে প্রতিরোধমূলক স্প্রে করার পরামর্শ দেন। বর্তমানে সারের কোন ঘাটতি নাই। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনবাদি জায়গায় কৃষি ফসল উৎপন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার'র প্রতিনিধি সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় বিল নার্সারী খাতে অর্থ বরাদ্দ পাওয়া গেছে। টাঙ্গালিয়া পাড়া কবরস্থান সংলগ্ন জলাশয়ে বিল নার্সারী স্থাপন অথবা মরিচাকান্দি জালচিরা সংলগ্ন জলাশয়ে বিল নার্সারী স্থাপন করা যেতে পারে মর্মে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট প্রস্তাব পেশ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। গবাদি পশু পাখির চিকিৎসা, টিকা এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান। গবাদি পশু চিকিৎসা প্রদান ৭২০ টি, হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৩৫৫০ টি চিকিৎসা প্রদান কার্যক্রম চলমান। গবাদি পশুকে টিকা প্রদান ১৩৮০ টি, হাঁস-মুরগী টিকা প্রদান ৬৫০০ টি। কৃত্রিম প্রজনন করা হয়েছে ১০০ টি। Mobile Veterinary Clinic-এর ড্রাইভার নিয়োগ দীর্ঘায়িত হলে দৈনিক মজুরী ভিত্তিক ড্রাইভার নিয়োগ করে কার্যক্রম বাস্তবায়ন সম্ভব কিনা সে বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | গবাদি পশু পালন খামারীদের নিয়মিত পরামর্শ ও তদারকি নিশ্চিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান ইজিপিপি২০২৪-২৫ অর্থ বছরে টিআর ও কাবিখা কার্যক্রম চলমান রয়েছে। ৩য় পর্যায় টি.আর, কাবিখা কার্যক্রম ও এইচবিবি রাস্তা, ব্রীজ কালভার্ট, বন্যা আশ্রয় কেন্দ্র কাজ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে সভা করা হয়েছে। ভিক্ষুক পুনর্বাসনের তালিকা করার জন্য ভিক্ষুক খোজা হচ্ছে। ভিক্ষুক পাওয়া গেলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অবহিত পূর্বক ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম করা হবে। ২০২৪-২৫ অর্থ বছরের প্রতিস্থাপন ও বর্ধিত করণ, বয়স্ক ভাতা ও বিধাব ভাতার অনলাইনে আবেদনের জন্য প্রচারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে ভাতাভোগী বাছাইয়ের লক্ষ্যে ট্যাগ অফিসার নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। | ২০২৪-২৫ অর্থ বছরে বিধি মোতাবেক ভাতাভোগী বাছাইয়ের লক্ষ্যে ট্যাগ অফিসার নিয়োগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিদ্যালয়ে শিক্ষকদের উপস্থিতি ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা যুব উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা পরিষদ কোয়ার্টারে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীকে বকেয়া বাসাভাড়া ও বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ কোয়ার্টারে বসবাসকারী কর্মকর্তা/ কর্মচারীকে বকেয়া বাসাভাড়া ও বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান মানব সম্পদ উন্নয়ন ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ৩৫টি পানি সরবরাহের কাজ হস্তান্তর প্রক্রিয়া চলমান আছে এবং ৪টি পাবলিক টয়লেট এর কাজ শেষ পর্যায়। গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি পানি উৎস স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া মানব সম্পদ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৫০ টি বাড়ী পানি সরবরাহের জন্য ওভারহেড ট্যাংক নির্মাণের কাজ চলমান রয়েছে। একই প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ল্যাট্রিন নির্মাণের কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমবায় কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, স্ট্যাপলার মেশিন, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। | ২০২৪-২৫ অর্থ বছরে এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৩। এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×২৬ দিন) =১৪,৩০০/- (চৌদ্দ হাজার তিনশত) টাকা।<br>০৫। এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী =১৪,৩০০/- (চৌদ্দ হাজার তিনশত) টাকা।<br>০৬। উপজেলা পরিষদ চত্তরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৭। এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের জীপ গাড়ি জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার আটশত) টাকা।<br>০৮। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের স্থাবর সম্পত্তির ১৪৩১ বঙ্গাব্দের ভূমি উন্নয়ন কর বাবদ ব্যয় =৪৯,১৭৬/- (উনপঞ্চাশ হাজার একশত ছিয়াত্তর) টাকা।<br>০৯। এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩১৮/- (একহাজার তিনশত আঠার) টাকা।<br>১০। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) কাজের দরপত্র দৈনিক চারিদিকে প্রতিদিন পত্রিকার বিজ্ঞাপন বাবদ ব্যয় =২৬,২২০/- (ছাব্বিশ হাজার দুইশত বিশ) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর ইউনিয়ন পরিষদ ভবন, দরজা,জনালাসহ মেরামত ও সংস্কার করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের বিভিন্ন মোড়ে স্ট্রিট লাইট স্থাপন করা প্রয়োজন। রাজিবপুর ইউনিয়নের ১ নং ও ২ নং ওয়ার্ডে প্রায় ১৫ হাজার লোকের বসবাস। উক্ত এলাকায় নেটওয়ার্ক সমস্য রয়েছে। নেটওয়ার্জ টাওয়ার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। চর রাজিবপুর উপজেলা বিদ্যুৎ এর সাব-স্টেশন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় আরও জানান যে, রাজিবপুর ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় কার্যক্রম ব্যহত হচ্ছে। এমতবস্থায়, রাজিবপুর ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজিবপুর ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগে জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। সংশ্লিষ্ট নিয়োগ ও বাছাই কমিটি<br>০৩। চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় কার্যক্রম ব্যহত হচ্ছে। এমতবস্থায়, কোদালকাটি ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | কোদালকাটি ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগে জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। সংশ্লিষ্ট নিয়োগ ও বাছাই কমিটি<br>০৩। চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বড়বেড় অস্থায়ী পুলিশ ক্যাম্পে একটি নৌকা জরুরী প্রয়োজন। বড়বেড়, শিকারপুর, চড়াইহাটি, ভেলামারী এলাকায় গুচ্ছগ্রাম/আশ্রয়ণ প্রকল্প নির্মাণ করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউপি টু কাউনিয়ার চর বাজার জিসি রোড (আইডি নং ১৪৯০৮৩০০৫) টি প্রসস্থ ও মজবুত করা দরকার। রাজিবপুর উপজেলা টু সানন্দবাড়ী জিসি রোড (আইডি নং ১৪৯০৮২০০৪) চেইনেজ ৭০০০-৯৭৭০ এর মধ্যে রাস্তার দুইপার্শ্বে বিভিন্ন অবৈধ স্থাপনা অপসারণ করা অতীব জরুরী। বড়বেবেড় সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে আমখাওয়া ঘাট (আইডি নং ১৪৯০৮৪০০১) রোডটির চেইনেজ ৩৪০০ মিঃ এর পরে ঘেগার চর খাল পর্যন্ত প্রা ১ কিঃমিঃ ২০২৪-২৫ অর্থ বছরে বৃহত্তর রংপুর অঞ্চলে পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প বিভাইজ ডিপিপির অন্তর্ভূক্ত করা প্রয়োজন।<br>চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় আরও জানান যে, মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের ৫টি পদ শুন্য রয়েছে বিধায় কার্যক্রম ব্যহত হচ্ছে। এমতবস্থায়, মোহনগঞ্জ ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | মোহনগঞ্জ ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগে জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। সংশ্লিষ্ট নিয়োগ ও বাছাই কমিটি<br>০৩। চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ওএমএস কার্যক্রম চলমান আছে। বর্তমানে দুটি বিক্রয় কেন্দ্রের মাধ্যমে ২ মে.টন করে মোট ৪.০০০ মে.টন চাল বিক্রয় হচ্ছে। খাদ্য বান্ধব কর্মসুচির চাল চলতি এপ্রিল মাসের বিতরণ কার্যক্রম আগামী সপ্তাহে শুরু হবে। | মানসম্মত খাদ্য শস্য সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | **উপজেলা রিসোর্স সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৮) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে চর রাজিবপুর উপজেলা থেকে ০৮ (আট) জন ভিডিপি সদস্য ২৮ দিন মেয়াদী অস্ত্র প্রশিক্ষণের জন্য নির্বাচিত হয়েছে। গত ০৯/০৪/২০২৫ তারিখ থেকে প্রশিক্ষণ শুরু হয়েছে। | স্বচ্ছতা বজায় রেখে গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮ (৯) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গম ফসলের আনুমানিক হিসাব, মূল্য ও উৎপাদন খরচ জরিপ চলমান। বোরো ফসলের পূর্বাভাস জরিপ চলমান। দাগগুচ্ছ জরিপ ২য় পর্ব কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১০) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১১) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। আদায় হার ৯৫%। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১২) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৩) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৪) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর | উপজেলা আইসিটি অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৫) | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |

১৮(১৬) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের সুপার মার্কেটের কিছু লীজকৃত জায়গা/কক্ষ লীজ গ্রহণকারী পরিত্যাক্ত করে রেখেছেন। এমনকি লীজ গ্রহণকারীগণ নিয়মিতভাবে সুপার মার্কেটের ভাড়া পরিশোধ করছেন না। ফলে উপজেলা পরিষদের রাজস্ব আয় হ্রাস পাচ্ছে। সুপার মার্কেটের ভাড়া পরিশোধের জন্য সুপার মার্কেটের কক্ষ লীজ গ্রহণকারীগণ বরাবর তাগিদ পত্র প্রেরণ করা প্রয়োজন। সুপার মার্কেটের ভাড়া পরিশোধে ব্যর্থ হলে অত্র সভার সিদ্ধান্ত মোতাবেক চুক্তি দলিলের শর্তাবলী অনুযায়ী লীজ বাতিল করার জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক নতুন লীজ প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সপুার মার্কেটের ভাড়া পরিশোধে ব্যর্থ হলে চুক্তি দলিলের শর্তাবলী অনুযায়ী লীজ বাতিল পূর্বক নতুন লীজ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

চলমান পাতা-৭

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৩১৩

তারিখ ঃ ২৭ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। .................................................................................................. কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd